

## জেএসসি-জেডিসি পরীক্ষার ফল ৩০ ডিসেম্বর

### ■ ইত্তেফাক রিপোর্ট

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল প্রকাশিত হবে আগামী ৩০ ডিসেম্বর। গতকাল মঙ্গলবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেন।

মন্ত্রণালয় সূত্র জানায়, রেওয়াজ অনুযায়ী ওইদিন সকাল ১০টায় শিক্ষাবোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ফলাফলের কপি প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে হস্তান্তর করবেন। পরে সচিবালয়ে সংবাদ সম্মেলনের মাধ্যমে ফলাফলের বিভিন্ন দিক তুলে ধরা হবে। এরপর থেকেই শিক্ষার্থীরা বিভিন্ন মাধ্যমে তাদের ফল জানতে পারবে।

এছাড়া ৩০ ডিসেম্বর প্রধানমন্ত্রী ২০১৮ সালের বিনামূল্যের পাঠ্যবই বিতরণ কার্যক্রমেরও উদ্বোধন করবেন বলে সাংবাদিকদের জানিয়েছেন শিক্ষামন্ত্রী।

গত কয়েক বছর ধরে জেএসসি ও প্রাথমিক পৃষ্ঠা ২ কলাম ৩

## জেএসসি-জেডিসি

২০ পৃষ্ঠার পর

শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার ফল একইদিনে প্রকাশিত হয়। সেই হিসেবে ৩০ ডিসেম্বর জেএসসির ফল প্রকাশ হলে পিইসির ফলও প্রকাশিত হবার সম্ভাবনা রয়েছে। তবে পিইসির ফল প্রকাশের চূড়ান্ত তারিখ এখনো নিশ্চিত করতে পারেনি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

এবার জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নিয়েছে প্রায় ২৪ লাখ ৬৮ হাজার শিক্ষার্থী। আর পিইসি ও ইবতেদায়ি সমাপনীতে অংশ নিয়েছে প্রায় ৩১ লাখ শিক্ষার্থী।